# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই হাদীসে যাইদ বিন উনাইস রাদ্বিয়াল্লাহু আনহুর বক্তব্য “صَلَّى بِهِمْ خَمْسَ صَلَوَاتٍ” এর দ্বারা উদ্দেশ্য হলো যোহরের পাঁচ রাকা‘আত

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ فِي هَذَا الْخَبَرِ صَلَّى بِهِمْ خَمْسَ صَلَوَاتٍ أَرَادَ بِهِ الظُّهْرَ خَمْسَ رَكَعَاتٍ

আরবী

2672 ـ أَخْبَرَنَا زَكَرِيَّا بْنُ يَحْيَى السَّاجِيُّ بِالْبَصْرَةِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ وَمُحَمَّدُ بْنُ مُثَنَّى قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنِ الْحَكَمِ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ صَلَّى الظُّهْرَ خَمْسًا فَقِيلَ: زِيدَ فِي الصَّلَاةِ شَيْءٌ؟ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَمَا ذَاكَ؟ ) قَالَ: إِنَّكَ صَلَّيْتَ خَمْسًا فسجد سجدتين بعد ما سلم.
الراوي : ابْن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2672 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (934): ق.

বাংলা

২৬৭২. আব্দুল্লাহ বিন মাস‘ঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার যোহরের সালাত পাঁচ রাকা‘আত আদায় করেন। তখন তাঁকে বলা হলো, “সালাতে কি কোন কিছু বৃদ্ধি করা হয়েছে?” তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সেটা কী?” তাঁকে বলা হলো, “নিশ্চয়ই আপনি পাঁচ রাকা‘আত সালাত আদায় করেছেন।” অতঃপর তিনি সালাম ফেরানোর পর দুটি সাজদা করেন।”[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৪০৪; সহীহ মুসলিম: ৫৭২; আবূ দাঊদ: ১০১৯; তিরমিযী: ৩৯২; নাসাঈ: ৩/৩১; ইবনু মাজাহ: ১২০৫; সুনান বাইহাকী: ২/৩৪১; বাগাবী: ৭৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৯৩৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92002

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন